



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/15/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো জোন্স বিচ স্টেট পার্কে বেথপেজ এয়ার শো পুনর্বহালের ঘোষণা দেন

জনপ্রিয় মেমোরিয়াল ডে উইকএন্ড ট্রেডিশন এক বছরের অনুপস্থিতির পর পুনর্বহাল হয়

দর্শকদের সুবক্ষিত রাখতে নতুন টিকিট, সামাজিক দূরত্বের ব্যবস্থা যথাযথভাবে বজায় রাখা হবে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে জোন্স বিচ স্টেট পার্কে বেথপেজ এয়ার শো (Bethpage Air Show) এর এক বছরের অনুপস্থিতির পর এই মেমোরিয়াল ডে উইকএন্ড পুনর্বহাল হবে। বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়ন (Bethpage Federal Credit Union) কর্তৃক স্পন্সর করা আউটডোর শোটি বিভিন্ন সামরিক ও বেসামরিক বিদ্যমান পারফরমারদের বৈশিষ্ট্যমণ্ডিত করে। প্যাট্রিওটিক লং আইল্যান্ড বেয়াকফ্রন্ট ট্রেডিশন (patriotic Long Island beachfront tradition) এর নিরাপদ পুনর্বহাল নিশ্চিত করতে এই বছরের অনুষ্ঠানটি কম ধারণক্ষমতাসহ একটি টিকেট যুক্ত অনুষ্ঠান হবে এবং সামাজিক দূরত্বের ব্যবস্থা যথাযথভাবে বজায় রাখা হবে।

"যেহেতু আমরা COVID এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ের অবিরত অগ্রগতি দেখছি এবং সতর্কতার সাথে আমাদের স্টেট পুনরায় খোলা হচ্ছে, আমরা এই গ্রীষ্মে আরো বেশি করে আউটডোর অ্যাডভেঞ্চার উপভোগের আশা করতে পারি- যার মধ্যে রয়েছে জোন্স বিচ স্টেট পার্কে বার্ষিক বেথপেজ এয়ার শো," **গভর্নর কুওমো বলেন।** "যথাযথ নিরাপত্তা ব্যবস্থা চালু থাকায় নিউ ইয়র্কবাসী ও দর্শনার্থীরা জোন্স বিচ ও লং আইল্যান্ড স্টেট পার্ক যা অফার কর তা উপভোগ করতে ফিরে পেতে পারবেন এবং এই বার্ষিক উৎসবটি আঞ্চলিক লং আইল্যান্ডের অর্থনীতিকে আউটডোর ও সাপোর্ট করার একটি চমৎকার উপায়।"

লং আইল্যান্ডের অন্যতম জনপ্রিয় অনুষ্ঠান জোন্স বিচে বেথপেজ এয়ার শো (Bethpage Air Show) গত বছর Covid-19 মহামারির কারণে বাতিল করা হয়েছিল। এই বছর এর পুনর্বহাল একটি মেমোরিয়াল ডে উইকএন্ড ঐতিহ্য ফিরিয়ে আনে যা লং আইল্যান্ডের সমুদ্র সৈকতে গ্রীষ্মের শুরু উদযাপন করে এবং সামরিক পরিবার ও যারা আমাদের দেশের সেবা করে তাদের সম্মান করে।

এই বছরের শোতে রয়েছে দ্য ইউনাইটেড স্টেটস এয়ার ফোর্স থান্ডারবার্ডস (United States Air Force Thunderbirds), ইউনাইটেড স্টেটস এয়ার ফোর্স A-10 থান্ডারবোল্ট (ওয়ারথোগ) (United States Air Force A-10 Thunderbolt (Warthog)), ইউনাইটেড স্টেটস আর্মি গোল্ডেন

নাইটস U.S. আর্মি প্যারাসুট টিম (United States Army Golden Knights U.S. Army parachute team) ও ইউনাইটেড স্টেটস কোস্ট গার্ড সার্চ অ্যান্ড রেসকিউ টিম (United States Coast Guard Search and Rescue team) এবং অন্যান্য বিশ্বমানের বেসামরিক পারফরমারগণ। দ্য বেথপেজ এয়ার শো (The Bethpage Air Show) 2021 সালের 28 মে শুক্রবার (প্র্যাকটিস শো); 29 মে শনিবার ও 30 মে রবিবার সকাল 10 থেকে প্রতিদিন বিকাল 3টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

শো চলাকালীন সময়ে দর্শকদের অবশ্যই জোন্স বিচে পার্ক করার জন্য অগ্রিম টিকেট কিনতে হবে। টিকেট কেনার বিস্তারিত বিবরণ পরবর্তী তারিখে ঘোষণা করা হবে। পার্কিং ক্ষমতা 50 শতাংশ কমানো হবে, এবং যাদের টিকেট আছে কেবলমাত্র তারাই প্রবেশ করতে পারবে। স্টেট পার্কগুলিতে ফেস কভারিং এর নির্দেশনা ও সামাজিক দূরত্ব সহ সমস্ত স্বাস্থ্য ও সুরক্ষা নির্দেশনা প্রয়োগ করতে অতিরিক্ত কর্মী থাকবে। নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) এর সহায়তায় স্টেট পার্ক পুলিশ (State Park Police) পরিপূরক হবে। জোন্স বিচ Covid-19 টেস্টিং বা টিকা প্রদানের সাইটগুলিতে অ্যাপয়েন্টমেন্ট আছে এমন ব্যক্তির প্রভাবিত হবে না এবং তারা নিবেদিত ট্রাফিক লেনের মাধ্যমে প্রবেশ করতে পারবে।

স্টেটের পার্কস-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "জোন্স বিচে বেথপেজ এয়ার শো (Bethpage Air Show) এর চেয়ে গ্রীষ্মকালীন সৈকত মৌসুম শুরু করার আর কী ভালো উপায় হতে পারে। গভর্নর কুওমোর নেতৃত্ব ও সহায়তার জন্য ধন্যবাদ, স্টেট পার্কস এয়ার শো-এর পুনর্বহালের আয়োজন করতে পেরে আনন্দিত। আমি সকল স্পন্সর, অংশীদার, পারফরমার ও কর্মীদের জন্য কৃতজ্ঞ যারা এই ঐতিহ্য বহন করার জন্য কঠোর পরিশ্রম করে যা অনেক পরিবার ও বন্ধুদের একত্রিত করে।"

বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের প্রধান নির্বাহী কর্মকর্তা ওয়েন গ্রস বলেন, "আমরা রোমাঞ্চিত যে 2021 সালে জোন্স বিচে বেথপেজ এয়ার শো (Bethpage Air Show) ফিরে এসেছে! একটি চ্যালেঞ্জিং বছরের পর, বেথপেজ স্টেট পার্কের সাথে কাজ করতে পেরে গর্বিত যে সব বয়সের এয়ার শো ভক্তরা সৈকতে একটি সুন্দর দিন উপভোগ করতে পারে এবং এই মেমোরিয়াল ডে উইকএন্ডে আমাদের দেশের সামরিক বাহিনীকে সম্মান জানাতে পারে। যদিও এই বছরের শোটি কিছুটা ভিন্ন দেখাবে, কিন্তু আমরা আনন্দিত যে নিউ ইয়র্কবাসী এখনো মজার, উচ্চ শক্তির এয়ার শো উপভোগ করতে পারবে যা সকল ভক্তরা আশা করতে এসেছে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250 টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, রিক্রিয়েশন ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছু দেখাভালের দায়িত্বে রয়েছে যেগুলিতে ভ্রমণের জন্য বছরে 78 মিলিয়ন মানুষ ভিজিট করে। এই রিক্রিয়েশন সাইটগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য www.parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে [NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপ](http://NY State Parks) ডাউনলোড করুন অথবা 518-474-0456 নম্বরে কল করুন।
এছাড়াও, [ফেসবুক](#), [ইনস্টাগ্রাম](#) এবং [টুইটারে](#) আমাদের সাথে সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)